



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd  
কলেজ বিভাগ



নম্বর ৩৭.১১.৪০৪১.৪০০.৩১.০০৮.২০.১৭

তারিখ: ৮ পৌষ ১৪২৭

২৩ ডিসেম্বর ২০২০

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: মাধ্যমিক বিদ্যালয়/উচ্চমাধ্যমিক বিদ্যালয়/কলেজের সাময়িক বরখাস্ত হওয়া শিক্ষক/কর্মচারী সাময়িক বরখাস্ত করার বিষয়ে প্রতিকার চেয়ে আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির কাছে আবেদন দাখিল না করা প্রসঙ্গে

লক্ষ করা গেছে যে, অনেক সময় মাধ্যমিক বিদ্যালয়/উচ্চমাধ্যমিক বিদ্যালয়/কলেজের সাময়িক বরখাস্ত হওয়া শিক্ষক/কর্মচারী সাময়িক বরখাস্ত করার বিষয়ে প্রতিকার চেয়ে আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির কাছে আবেদন দাখিল করেন। এসআরও নং ১৫৩/আইন/২০০৯ (প্রবিধানমালা, ২০০৯) এর প্রবিধান ৪১(২)(ঘ)(২) অনুসারে শুধুমাত্র শিক্ষক - কর্মচারীগণের অপসারণ বা বরখাস্তের বিষয়ে বোর্ডের পূর্বানুমোদন গ্রহণ প্রয়োজন হয়। ফলে, সাময়িক বরখাস্তের বিষয়ে বোর্ডের আপিল এন্ড আর্বিট্রেশন কমিটি শিক্ষক-কর্মচারীগণের সাময়িক বরখাস্তের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করে না। কিন্তু বিষয়টি সম্পর্কে ভালভাবে অবহিত না থাকার কারণে অনেকে সাময়িক বরখাস্তের বিষয়ে প্রতিকার চেয়ে আবেদন দাখিল করেন কিন্তু কোন প্রতিকার পান না। এমতাবস্থায়, মাধ্যমিক বিদ্যালয়/উচ্চমাধ্যমিক বিদ্যালয়/কলেজের সাময়িক বরখাস্ত হওয়া শিক্ষক/কর্মচারী সাময়িক বরখাস্ত করার বিষয়ে প্রতিকার চেয়ে আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির কাছে আবেদন দাখিল না করার জন্য এ বোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক বিদ্যালয়/উচ্চমাধ্যমিক বিদ্যালয়/কলেজের অধ্যক্ষ/ম্যানেজিং কমিটি/গভার্নিং বডির সভাপতিসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

২৩-১২-২০২০

ড. মোল্লা আমীর হোসেন

চেয়ারম্যান

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) কলেজ পরিদর্শক, কলেজ বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ২) বিদ্যালয় পরিদর্শক, বিদ্যালয় বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর(ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
- ৪) একান্ত সচিব (ভারপ্রাপ্ত), চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর